# আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি.

## নির্বাচন কমিটি, ২০২৬ খ্রি.

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন।

স্মারক নং০২ তারিখঃ-০৬/০৭/২০২৬ খ্রি.।

## নির্বাচনী তফসিল

এতদ্বারা আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর সকল সদস্যসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ০৭/০৬/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর কার্যালয় এ অনুষ্ঠিতব্য বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ উপলক্ষে বিরতিহীনভাবে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

উল্লেখিত নির্বাচনে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ধারা-১৮(২) মোতাবেক বড়ছড়া পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর সমগ্র নির্বাচনী এলাকা হইতে ০১ (এক) জন সভাপতি, ০১ (এক) জন সহ-সভাপতি, ০১ (এক) জন সম্পাদক, ০১ (এক) জন কোষাধ্যক্ষ ও ০৮ (আট) জন ব্যবস্থাপনা কমিটির সদস্য (সংরক্ষিত মহিলা সদস্য ০৪ জন সহ) পদে সরাসরি ভোটে নির্বাচিত হইবেন।

জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ মহোদয়ের ২২/০৬/২০২৬ খ্রি. তারিখের ২৬০ নং আদেশ মূলে নিয়োগপ্রাপ্ত নির্বাচন কমিটির ০৫/০৭/২০২৬ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০০২ ও ২০১৩) এর ১৮(২) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর বিধি-২৭ অনুযায়ী আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ আগামী ০৬/০৮/২০২৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠানের লক্ষ্যে নিম্নরুপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো।

| ক্রঃ নং | কর্মসূচী | তারিখ | সময় | স্থান | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | মনোনয়ন পত্র বিতরণ/প্রাপ্তি | ০৯/০৭/২৬ ও ১২/০৭/২৬ | সকাল ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |
| ২ | মনোনয়ন পত্র দাখিল/গ্রহণ | ১৫/০৭/২৬ | সকাল ১১ টা হতে দুপুর ২ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |
| ৩ | মনোনয়ন পত্র বাছাই | ১৬/০৭/২৬ | বিকাল ০৩ টা | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |
| ৪ | বৈধ মনোনয়ন পত্র ও বাতিলকৃত মনোনয়নপত্রের প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ১৬/০৭/২৬ | মনোনয়নপত্র বাছাই শেষে | সমিতির নোটিশ বোর্ড। | নির্বাচন কমিটি |
| ৫ | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভুক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপীল আবেদন দাখিল | ১৯/০৭/২৬ ও ২০/০৭/২৬ | অফিস চলাকালীন সময় পর্যন্ত | জেলা সমবায় কার্যালয়, হবিগঞ্জ। | জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ। |
| ৬ | আপীলের শুনানী ও আপীলের রায় ঘোষণা | ২১/০৭/২৬ ২২/০৭/২৬ ও ২৩/০৭/২৬ | আপীলের শুনানী কর্তৃপক্ষ কর্তৃক নিধারিত সময় | জেলা সমবায় কার্যালয়, হবিগঞ্জ। | জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ। |

Ghose

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭ | আপীল শুনানী শেষে চূড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ | ২৬/০৭/২৬ | দুপুর ১২ টা | সমিতির নোটিশ বোর্ড। | নির্বাচন কমিটি |
| ৮ | প্রার্থীর মনোনয়ন পত্র প্রত্যাহার (লিখিত আবেদনের প্রেক্ষিতে) | ২৭/০৭/২৬ | সকাল ১১ টা হতে বেলা ০১ টা পর্যন্ত | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |
| ৯ | চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ ও প্রতীক বরাদ্দ | ২৭/০৭/২৬ | বিকাল ০২ টা | সমিতির নোটিশ বোর্ড। | নির্বাচন কমিটি |
| ১০ | ভোট গ্রহণ | ০৬/০৮/২৬ | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত (বিরতিহীন ভাবে) | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |
| ১১ | ভোট গণনা ও নির্বাচনী ফলাফল ঘোষণা | ০৬/০৮/২৬ | ভোট গ্রহণ শেষে ও ভোট গণনা সমাপ্তির পরপরই। | সমিতির কার্যালয়। | নির্বাচন কমিটি |

## নির্বাচনে প্রার্থী ও ভোটারদের জ্ঞাতব্য বিষয়াদি ঃ

১। নির্বাচনে অংশ গ্রহণের নিমিত্তে প্রার্থীগণকে মনোনয়নপত্র আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি লি. এর অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নির্ধারিত অফেরৎযোগ্য মূল্য অর্থাৎ নির্ধারিত ফি যথাক্রমে **সভাপতি পদে ৫,০০০/-( পাঁচ হাজার) টাকা, সহ-সভাপতি পদে ৪,০০০/-(চার হাজার) টাকা, সম্পাদক পদে ৪,০০০/-(চার হাজার), কোষাধ্যক্ষ পদে ৩,০০০/-(তিন হাজার) ও সদস্য পদে প্রত্যেকের জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা** মনোনয়ন পত্রের নির্ধারিত ফি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির নিকট পরিশোধ করে উক্ত রশিদ নির্বাচন কমিটির নিকট জমা দিয়ে মনোনয়ন পত্র সংগ্রহ করতে হবে। সমিতি কর্তৃক ইস্যুকৃত মনোনয়ন পত্র ব্যতীত অন্য কোন প্রকারের মনোনয়ন পত্র বা উহার ফটোকপি গ্রহণ যোগ্য হবে না। মনোনয়ন পত্রের সাথে মনোনয়ন পত্র ক্রয়ের রশিদ ও আইডি কার্ডের ছায়াকপি সংযুক্ত করিতে হইবে।

০২। নির্ধারিত প্রতীক সমূহের নামঃ

| ক্রঃ নং | পদের নাম | নির্ধারিত প্রতীক সমূহ |
|---|---|---|
| ০১ | সভপতি | চেয়ার, ছাতা, আনারস, গরুর গাড়ী |
| ০২ | সহ-সভাপতি | বাইসাইকেল, তালা-চাবি, দোয়াত-কলম, মোবাইল ফোন |
| ০৩ | সম্পাদক | চশমা, টিউবওয়েল, মোরগ, ঘোড়া |
| ০৪ | কোষাধ্যক্ষ | মাছ, ফুটবল, হাঁস, কাঁঠাল |
| ০৫ | সদস্য পদে | আম, বই, মই, কুড়াল, তলোয়ার, দেয়াল ঘড়ি, টেবিলফ্যান, হাতপাখা, মোমবাতি, মাইক, আপেল, হেলিকপ্টার, কলস |

০৩। ব্যবস্থাপনা কমিটির কোন পদে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য সংশ্লিষ্ট সদস্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন, ২০০২ ও ২০১৩) এর ১৯(২) ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৪ বিধি অনুযায়ী যোগ্য হইতে হইবে।

০৪। মনোনয়ন পত্র নির্ভুলভাবে পূরন করে তফসিল মোতাবেক নির্ধারিত সময়সীমার মধ্যে সরাসরি প্রার্থী নিজে কিংবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে নির্বাচন কমিটির নিকট দাখিল করিতে হইবে। মনোনয়ন পত্রের প্রার্থীর স্বাক্ষর সমিতির সভাপতি কর্তৃক যথাযথভাবে সত্যায়িত এবং সীলমোহর থাকিতে হইবে এবং তাহার জেলা বা উপজেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষর হইতে হইবে। সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ২৮ বিধি মতে মনোনয়ন পত্র অসম্পূর্ন, কাটাকাটি বা ঘষা-মাজা থাকিলে, মিথ্যা কিংবা প্রতারনাপূর্ন তথ্য পরিবেশন করা হইলে মনোনয়ন পত্র বাতিল বলিয়া গন্য হইবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত কিংবা ডাকযোগে বা অন্য কোন পদ্ধতিতে প্রাপ্ত মনোনয়ন পত্র গ্রহণযোগ্য হইবেনা।

০৫। মনোনয়ন পত্রের সাথে (ক) প্রার্থীর ব্যক্তিগতভাবে কোন আর্থিক প্রতিষ্ঠানের ঋন খেলাপী নয় মর্মে অঙ্গীকারনামা, (খ) পাসপোর্ট সাইজের ছবি, (গ) মনোনয়ন পত্রে চাহিত প্রতীকের নাম উল্লেখ করে দাখিল করিতে হইবে।

০৬। ব্যবস্থাপনা কমিটির নির্বাচনে ভোট প্রদানের জন্য সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত আইন, ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত, ২০২০) এর ৮৭ ও ৮৮(৩) বিধি মোতাবেক যোগ্য হতে হবে।

০৭। প্রার্থীর দাখিলকৃত মনোনয়র পত্রের সংগে দেয়া তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য নির্বাচন কমিটি যেকোন উপযুক্ত পদ্বতি গ্রহন করিতে পারবে।

০৮। সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি; নির্বাচন কমিটি কর্তৃক চুড়ান্তকৃত নির্বাচনী তফসিল এবং তফসিলে উল্লেখিত জ্ঞাতব্য বিষয়াদি নোটিশ বোর্ডে লটকানোসহ উহার সকল সদস্যকে অবহিত নিশ্চিত করবেন।

06/07/2026

(প্রবীর কান্তি ঘোষ)
সদস্য
নির্বাচন কমিটি, ২০২৬
আনোয়রখালী খাল পানি ব্যবস্থাপনা স. স. লি.
ও
সদস্য নং০৫
আনোয়ার খালী খাল পাবসস লি.।

(নজরুল ইসলাম)
সদস্য
নির্বাচন কমিটি, ২০২৬
আনোয়রখালী খাল পানি ব্যবস্থাপনা স.স. লি.
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
নবীগঞ্জ, হবিগঞ্জ।

(মোঃ হাফিজুল ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি, ২০২৬
আনোয়রখালী খাল পানি ব্যবস্থাপনা স. স. লি.
ও
উপজেলা সমবায় অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং ০২/১(৩) তারিখঃ- ০৬/০৭/২০২৬ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১) জেলা সমবায় অফিসার, হবিগঞ্জ।
০২) উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৩) উপজেলা সমবায় অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
০৪) সমিতির নোটিশ বোর্ড।

(মোঃ হাফিজুল ইসলাম)
সভাপতি
নির্বাচন কমিটি, ২০২৬
আনোয়ারখালী খাল পানি ব্যবস্থাপনা স. স. লি.
ও
উপজেলা সমবায় অফিসার
নবীগঞ্জ, হবিগঞ্জ।